

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dnc.gov.bd

নং: ৫৮.০২.০০০০.০০৮.১৮.১৮.১৯- ২০০

তারিখ: ২৪ মাঘ ১৪২৬
২৮ জানুয়ারি ২০২০

বিষয় : বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান প্রদানের জন্য আবেদনপত্র আহবান ও প্রক্রিয়াকরণ সময়সীমা অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা কার্যক্রম উন্নত করার লক্ষ্যে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এ উদ্দেশ্যে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক সরকারি অনুদান নীতিমালা অনুমোদন করা হয়েছে। শুধুমাত্র ২০১৯-২০২০ অর্থবছরের জন্য বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান বিতরণের জন্য আবেদনপত্র আহবান ও প্রক্রিয়াকরণ সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:-

বিষয়	নীতিমালায় নির্ধারিত তারিখ	পরিবর্তিত তারিখ
(ক) মেট্রো/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ	০১-৩১ জুলাই	১৩/০২/২০২০
(খ) আবেদনপত্রসমূহ বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ	৩০ আগস্ট	০১/০৩/২০২০
(গ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক সকল আবেদনপত্র মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণের সর্বশেষ তারিখ	১৫ সেপ্টেম্বর	০৫/০৩/২০২০
(ঘ) যাচাই-বাছাই কমিটি কর্তৃক আবেদনপত্রসমূহ পরীক্ষণ ও সুপারিশ মহাপরিচালকের নিকট দাখিলের সর্বশেষ তারিখ	২০ নভেম্বর	১৯/০৩/২০২০
(ঙ) মহাপরিচালকের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ ও অনুদান বিতরণের তারিখ	৩০ ডিসেম্বর	৩০/০৪/২০২০

২। গত ২৪/০১/২০২০ তারিখের দৈনিক যুগান্তর ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় অনুদান বিষয়ক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনপত্রসমূহ স্ব-স্ব অফিসে প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপর্যুক্ত তারিখ অনুযায়ী নীতিমালার অন্যান্য বিধিবিধান অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

(এস, এম, জাকির হোসেন)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
ফোন: ৪৮৩২২১৯৬(অফিস)

ই-মেইল: dirtr@dnc.gov.bd

বিতরণ:

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
- ২। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়-----
- ৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়-----

অনুলিপি:

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী[অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩। অফিস কপি/মাস্টার ফাইল।